দৈনিক ইনকিলাব

16 MAY 2007

তারিখ ...

পৃষ্ঠা ১২ কলাম ৫

# বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান অবৈধ ঘোষণার আগে নীতিমালা দাবী

স্টাফ রিপোর্টার

দেশে ৫৬টি বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের শাখাকে সরকার সম্প্রতি অবৈধ ঘোষণা করায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উদ্যোক্তাগণ উদ্বেগ-উৎকণ্ঠায় রয়েছেন। তারা বলছেন, বাংলাদেশে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের শাখা হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য বিগত কয়েকটি সরকারের আমলে কোন সুনির্দিষ্ট নীতিমালা তৈরী পৃঃ৫-কঃ৮

## বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান

১২-এর পৃষ্ঠার পর

করে দেয়া হয়নি। অনেকবার সরকারের সংশ্লিষ্ট মহলে আবেদন করেও এর কোন সুরাহা হয়নি। কিন্তু কোন সরকারের পক্ষ থেকে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের শাখা খোলা নিয়ে কোনপ্রকার বাধাও দেয়া হয়নি।

সরকারী প্রজ্ঞাপনে বলা হয়েছে, 'ওই বিশ্ববিদ্যালয়সমূহ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং শিক্ষামন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করেনি বিধায় অবৈধ বিশ্ববিদ্যালয় হিসেবে চিহ্নিত করে তালিকা প্রকাশ করা হলো।' বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনাকারীরা বলেছেন, এটি একটি স্পর্শকাতর ইস্যু। আশা করি তাই সরকার এ বিষয়ে সতর্ক পদক্ষেপ গ্রহণ করবে। এ সংক্রান্ত বিষয়ে সরকার সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করলে তা আমরা মানতে বাধ্য থাকবো। তাদের দাবী, যেসব প্রতিষ্ঠান ভালোভাবে কার্যক্রম পরিচালনা করছে তারা যেন তাদের কার্যক্রম অব্যাহত রাখতে সক্ষম হয় এবং দেশের উন্নয়ন ও অগ্রগতিতে সহায়ক ভূমিকা পালনে সমর্থ হতে পারে। তাদের দাবী, যদি সরকার ঘোষিত নীতিমালা পালনে কেউ যদি ব্যর্থ হয় তাহলে সেইসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে যেন ব্যবস্থা নেয়া হয়। যেমন, বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে হয়েছে।